ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**শহিদ বুদ্ধিজীবী ২০২১ পালন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ ।। ২৭ অক্টোবর ২০২১
সময় : দুপুর ১২.০০টা
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেণ। সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, তাদেঁর পরিবারবর্গ এবং পরম আত্মত্যাগকারী মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভাপতি তাঁর স্বাগতে বক্তব্যে বলেন, ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস বাঙালি জাতির ইতিহাসে একটি বেদনাদায়ক দিন। ১৪ ডিসেম্বরের ঘটনা ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষদের স্তম্ভিত করেছিল। ১৯৭১ সালের এ দিনে বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে জাতিকে মেধাশুন্য করার অপচেষ্টা করা হয়েছিলো। তাঁদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্যের সাথে পালনের উদ্দেশ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর আগামী ১৪ ডিসেম্বর ২০২১ তারিখ শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭.০৫ টা<br>মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ<br>(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত) | |
| ২. | ১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭.০৬ টা<br>মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ<br>(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত) | |
| ৩. | ১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৭.২২ টা<br>মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ<br>(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত) | |
| ৪. | ১৪ ডিসেম্বর ২০১৯ সকাল ৮.৩০ টা<br>রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ<br>(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত) | |
| ৫. | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পরিস্কার পরিচ্ছন্ন করণ ও রং করার কাজ নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই সুচারুরূপে সম্পন্ন করতে হবে। প্রতিবছরই দিবসের আগের দিন | প্রধান প্রকৌশলী<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | স্মৃতিসৌধের রং এর কাজ ও অন্যান্য সংস্কার কাজ সম্পন্ন হয়ে থাকে, ফলে ঐদিন রং উঠতে শুরু করে। এমনটি যেন না সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | |
| ৬. | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও তদসংলগ্ন এলাকা, রায়ের বাজার বধ্যভূমি প্রবেশ মুখ ও তদসংলগ্ন এলাকার রাস্তা-ঘাট-ফুটপাত পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সড়ক বাতি স্থাপন/প্রতিস্থাপন ও সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়াও উক্ত এলাকার রোড মিডিয়ানের সৌন্দর্যবর্ধণের কাজ যথাসময়ের পূর্বে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল)<br>সৌন্দর্যবর্ধন সেল |
| ৭. | মিরপুর মাজার রোড থেকে স্মৃতিসৌধে প্রবেশ পথের দু'পাশের স্তম্ভে এবং পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালে সাঁটানো পোস্টার/লিফলেট/ব্যানার/ফেস্টুন অপসারণসহ প্রয়োজনীয় সংস্কার, মেরামত ও রং করার কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>মাজার রোডসহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সকল প্রবেশ পথ/সড়ক ও আশেপাশের এলাকা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৮. | পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি শীতকালে ও খুব ভোরে হওয়ায় ঐ সময় বেদীতে অনেক কুয়াশা পড়ে। স্থাপনাটি পুরাতন এবং সংস্কার না হওয়ায় বেদীর সিঁড়িগুলো পিচ্ছিল হয়ে যায়। এতে করে দুর্ঘটনার আশংকা থাকে। দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৯. | মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এলাকায় অবস্থিত পুকুর এবং ২ জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের সমাধিতে নামফলক স্থাপন ও সমাধিস্থল পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে কাজটি সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১০. | মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের ভিআইপি প্রক্ষালন কক্ষটি পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১১. | আগত সর্বসাধারণের ব্যবহারের জন্য মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) |
| ১২. | সংশ্লিষ্ট এলাকার রাস্তায় যাতে ধুলাবালি না ওড়ে সেজন্য সড়কে পানি ছিটানোর অগ্রিম ব্যবস্থা করতে হবে। তবে রাস্তায় পানি ছিটানোর কারণে যেন কাদা সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) |
| ১৩. | শহিদ বুদ্ধিজীবী দিবসের ০২ (দুই) দিন পূর্ব থেকে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, রায়ের বাজার বধ্যভূমি ও তদসংলগ্ন এলাকায় মশার কীটনাশক ছিটাতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ১৪. | শহিদ বুদ্ধিজীবী দিবসে মাননীয় মেয়রের শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুষ্পস্তবক তৈরি করে রাখতে হবে। | প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা |
| ১৫. | মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসবি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা |
| ১৬. | যথাযথ ভাবগাম্ভীর্য বজায় রেখে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে আগত ব্যক্তি/সংগঠনকে নিয়মতান্ত্রিকভাবে শ্রদ্ধা প্রদানে সহায়তা করার ব্যবস্থা গ্রহণ করা। | সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫ |

বিবিধ আলোচনায় শহিদ বুদ্ধিজীবী ২০২১ পালন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত

(ক) সমন্বয় কমিটিতে সচিব, ডিএনসিসি'কে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা কমিটিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেলকে মনোনয়ন প্রদানর সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় পালনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২ - ৪৪২

তারিখ: ২১ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ...........................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....................................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. জনাব.........................................................................................................।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি।

০৮/১১/২০২১

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd